ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৪৪০

আগরতলা, ২৮ অক্টোবর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

"হাসপাতাল ছেড়ে কোয়ার্টারে চিকিৎসক," এই শিরোনামে প্রতিবাদী কলম পত্রিকায় গত ২৫ অক্টোবর, ২০২৫ প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে, পশ্চিম জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে,গত২৪ অক্টোবর, ২০২৫ প্রায় সন্ধ্যা ৫টা ৩০ মিনিট নাগাদ ঘটনাটি ঘটে। মান্দাই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে মোট দুইজন মেডিক্যাল অফিসার কর্মরত আছেন। ওইদিন দায়িত্বে থাকা মেডিক্যাল অফিসার, যিনি ২৪ ঘণ্টার শিফটে ছিলেন, ইমার্জেন্সি রোগী দেখার পর প্রাকৃতিক কার্যে সাড়া দিতে কোয়ার্টারে গিয়েছিলেন। ইমার্জেন্সি বিভাগে উপস্থিত রোগীটির অবস্থা গুরুতর ছিল না এবং রোগীর পরিবার তাড়াহুড়ো করছিল। সেক্ষেত্রে দায়িত্বে থাকা নার্সিং অফিসার রোগীর পরিবারকে অপেক্ষা করার জন্য অনুরোধ করেন, অথবা জরুরী হলে চিকিৎসকের কোয়ার্টারে গিয়ে দেখানোর জন্য পরামর্শ দেন। এই কথা শুনার পর রোগীর পরিবার হাসপাতালে অশান্তি সৃষ্টি করে এবং স্টাফ ও অন্যান্য রোগীর পরিবারদের ভিডিও রেকর্ড করা শুরু করে। এর মধ্যেই দায়িত্বে থাকা চিকিৎসক হাসপাতালের দিকে ফিরে আসেন, যা ভিডিও ক্লিপে স্পষ্টভাবে দেখা যায়। তবে রোগীর পরিবার চিকিৎসকের সঙ্গে কথা বলতে বা রোগীর পরামর্শ নেওয়ার জন্য হাসপাতালে আর আসেননি।

*****